একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

স্মারক নং-মাউশি/সেসিপ/SPSU/২-৪০৮/ILC/২০১৮/২৭৪৪ তারিখ: ১৪.১০.২০১৮ খ্রি.

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম এর আওতায় স্থাপিত ৬৪০টি আইসিটি লার্নিং সেন্টারে (ILC) শিক্ষকগণের জন্য ই-লার্নিং মডিউল ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় স্থাপিত ৬৪০টি আইসিটি লার্নিং সেন্টারে শিক্ষকগণের জন্য ই-লার্নিং মডিউল ব্যবহার বিষয়ে মাঠ পর্যায়ের শিক্ষকগণের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ আগামী ২৬ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখ হতে সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক') অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিটি (০৯ টি) অঞ্চলে অনুষ্ঠিত হবে। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। নিম্নবর্ণিত নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের অনুরোধ করা হলো :

ক. ই-লার্নিং ব্যবহার বিষয়ক বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি সংশ্লিষ্ট আঞ্চলিক শহর/ নিকটবর্তী স্থানে সেসিপ-এর আওতায় স্থাপিত আইসিটি লার্নিং সেন্টারে (ILC) আয়োজিত হবে। একসাথে ০৪ টি ILC-তে ০৪ টি ব্যাচের কর্মসূচি আয়োজিত হবে। প্রথম ব্যাচের প্রশিক্ষণ আবশ্যিকভাবে আগামী ২০ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখ হতে শুরু করতে হবে।

খ. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি ০৯ টি অঞ্চলে পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা এর তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে পরিচালক, আঞ্চলিক কার্যালয় এর সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং পরিচালক কর্তৃক মনোনীত সেসিপের একজন কর্মকর্তা প্রতিদিন কাজ করবেন। প্রোগ্রাম সমন্বয়ক হিসেবে পরিচালক, আঞ্চলিক কার্যলয় এর সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং পরিচালক কর্তৃক মনোনীত সেসিপ-এর একজন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। একসাথে একাধিক ব্যাচ পরিচালিত হলে একটি ব্যাচে পরিচালক এবং অন্যান্য ব্যাচে পরিচালক কর্তৃক মনোনীত অন্য একজন কর্মকর্তা প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। সমন্বয়ক হিসেবে একজন কর্মকর্তা একদিনে একটির বেশী সম্মানী প্রাপ্য হবেন না।

গ. ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি ILC কক্ষে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

ঘ. সেসিপ এর আওতায় আইসিটি লার্নিং সেন্টার স্থাপিত হয়েছে শুধুমাত্র এমন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের বাংলা, ইংরেজি, গণিত, বাংলাদেশ ও বিশ্ব: পরিচয়, বিজ্ঞান ও আইসিটি (ICT) বিষয়সহ মোট ১২ জন শিক্ষক এ প্রশিক্ষণের আওতায় আসবেন। শিক্ষকগণ অবশ্যই প্রতিষ্ঠানের ছাড়পত্র এবং জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনবেন। একটি ব্যাচে একটি প্রতিষ্ঠান হতে সর্বোচ্চ ০৪ জন শিক্ষককে অংশগ্রহণের জন্য মনোনীত করতে হবে। প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে বর্ণিত ছয়টি বিষয়ের শিক্ষককে অবশ্যই অগ্রাধিকার দিতে হবে।

ঙ. কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)।

চ. মাস্টার ট্রেইনারগণ ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৬ দিনের মধ্যে সম্পন্ন করবেন। মাস্টারট্রেইনার প্রশিক্ষণে প্রদত্ত ম্যানুয়ালটি মাস্টার ট্রেইনারগণ সঙ্গে আনবেন। প্রশিক্ষণার্থীগণের ম্যানুয়াল (যার সফটকপি ই-মেইলে প্রেরিত হবে) ফটোকপি করে সরবরাহ করতে হবে।

ছ. প্রশিক্ষণ শুরুর দিনে দুপুর ১২ টার মধ্যে আবশ্যিকভাবে অংশগ্রহণকারী শিক্ষকগণের সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ ই-মেইলে spsu.training2017@gmail.com প্রেরণ করতে হবে।

জ. প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা পুরুষ বিভাজন ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠি উল্লেখসহ) একটি ডাটাবেজ (সংযুক্ত Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে spsu.training2017@gmail.com ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে। এডিবি'র DLI অর্জনের জন্য এ তালিকা আবশ্যিকভাবে প্রয়োজন হবে।

ঝ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট অনুসারে ভাতাদি প্রাপ্য হবেন।

ঞ. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী (**Summary Expenditure Statement**) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।

ট. প্রশিক্ষণে প্রতিদিন সকালের নাস্তা ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে এবং দুপুরের খাবারের পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে। কোন অবস্থাতেই ILC কক্ষে পানীয় ও খাবার গ্রহণ করা যাবেনা।

৩। প্রশিক্ষণ অয়োজনের জন্য আগামী ২৩.১০.২০১৮ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় অগ্রিম বরাদ্দ প্রদান করা হবে। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার পর উত্তোলিত অগ্রিম দ্রুততার সাথে বিধি মোতাবেক সমন্বয় করতে হবে।

৪। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা এর দায়িত্বপ্রাপ্ত সেসিপ-এর কর্মকর্তা তালিকাভূক্ত যোগ্য মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন। মাস্টার ট্রেইনারগণের তালিকা পরিচালকগণ বরাবর প্রেরণ করা হবে।

৫। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে ড. মোঃ মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৫৫০০৭ অথবা মোহাম্মদ সাজ্জাদ হোসেন, প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৭৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

২৩/১০/১৮

(মোঃ আবু ছাইদ শেখ)
অতিরিক্ত সচিব
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
টেলিফোন: ৯৫৫৩৭১২

পরিচালক
আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
সকল অঞ্চল

স্মারক নং-মাউশি/সেসিপ/SPSU/২-৪০৮/ILC/২০১৮/২৭৪৪ তারিখ: ১৪.১০.২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৩. সদস্য (কারিকুলাম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪. পরিচালক (কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ------------------------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
৬. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৭. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (www.sesip.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা--------------------------(প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল বিষয়ে সহযোগিতার অনুরোধসহ)।
৯. সংরক্ষণ নথি।

Sajjad Hossain
২৩.১০.২০১৮

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী অধ্যাপক
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
☏ ৯৫৭৩৮৪৩

সংলগ্নি 'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

অঞ্চলভিত্তিক **ILC** প্রশিক্ষণসূচি-২০১৮

| SL | VENUE | Program 01 26-31 October 2018 | | | Program 02 13-18 November 2018 | | | Program 03 19-24 November 2018 | | | Total | | | Remark/ Program |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ILC | NT | MT | ILC | NT | MT | ILC | NT | MT | ILC | NT | MT | |
| 1. | Barisal | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 12 | **480** | 36 | 3 |
| 2. | Chattagram | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 12 | **480** | 36 | 3 |
| 3. | Cumilla | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 12 | **492** | 36 | 3 |
| 4. | Dhaka | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 12 | **492** | 36 | 3 |
| 5. | Khulna | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 12 | **492** | 36 | 3 |
| 6. | Mymensingh | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 12 | **492** | 36 | 3 |
| 7. | Rajshahi | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 12 | **480** | 36 | 3 |
| 8. | Rangpur | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 4 | 160 | 12 | 12 | **480** | 36 | 3 |
| 9. | Sylhet | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 4 | 164 | 12 | 12 | **492** | 36 | 3 |
| Total | | 36 | 1460 | 108 | 36 | 1460 | 108 | 36 | 1460 | 108 | 108 | **4380** | 324 | |
| Zone | Program/ Zonewise | 9 | | | 9 | | | 9 | | | | | | 27 |

| Zone | NT | Programs |
|---|---|---|
| 9 | 4380 | 27 |
| Total | 4380 | 27 |

NT- Number of Trainee/Teacher
MT- Master Trainer
ILC- ICT Learning Classroom
* **40** Teachers Per Batch Per ILC
* **3** MT Per Batch Per ILC